**(একই স্মারক ও তারিখে স্থলাভিষিক্ত হবে)**

**নির্বাচন অগ্রাধিকার**
**অতীব জরুরি**

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নম্বর-১৭.০০.০০০০.০৩৪.৩৬.০০৯.২৫-৩৭০

তারিখ: ২৬ অগ্রহায়ণ ১৪৩২ / ১১ ডিসেম্বর ২০২৫

## পরিপত্র-১

**বিষয় : ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে নির্বাচনি সময়সূচি জারি, সময়সূচির প্রজ্ঞাপন, রিটার্নিং অফিসার ও সহকারী রিটার্নিং অফিসার নিয়োগের প্রজ্ঞাপন, সময়সূচির গণবিজ্ঞপ্তি প্রকাশ, প্রার্থীর যোগ্যতা-অযোগ্যতা, নির্বাচনি ব্যয় নির্বাহের জন্য নতুন ব্যাংক একাউন্ট খোলা এবং ছবিসহ ও ছবিছাড়া ভোটার তালিকার ব্যবহার।**

উপর্যুক্ত বিষয়ে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর অনুচ্ছেদ ১১ এর দফা (১) অনুসারে, বাংলাদেশ নির্বাচন কমিশন, জাতীয় সংসদ গঠন করার উদ্দেশ্যে প্রত্যেক নির্বাচনি এলাকা হতে একজন সদস্য নির্বাচনের লক্ষ্যে ভোটারগণকে আহবান জানিয়ে ১১ ডিসেম্বর ২০২৫ তারিখে জারিকৃত প্রজ্ঞাপনের মাধ্যমে নিম্নে বর্ণিত সময়সূচি ঘোষণা করেছেন:

| | | | |
|---|---|---|---|
| রিটার্নিং অফিসার/সহকারী রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ | : | ১৪ পৌষ ১৪৩২<br>২৯ ডিসেম্বর ২০২৫ | সোমবার |
| রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ | : | ১৫-২০ পৌষ ১৪৩২<br>৩০ ডিসেম্বর ২০২৫ - ০৪ জানুয়ারি ২০২৬ | মঙ্গলবার-রবিবার |
| **মনোনয়নপত্র বাছাইয়ে রিটার্নিং অফিসারের সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল দায়েরের তারিখ** | : | **২১-২৫ পৌষ ১৪৩২**<br>**০৫-০৯ জানুয়ারি ২০২৬** | **সোমবার-শুক্রবার** |
| **আপিল নিষ্পত্তির তারিখ** | : | **২৬ পৌষ-০৪ মাঘ ১৪৩২**<br>**১০-১৮ জানুয়ারি ২০২৬** | **শনিবার-রবিবার** |
| প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ | : | ০৬ মাঘ ১৪৩২<br>২০ জানুয়ারি ২০২৬ | মঙ্গলবার |
| প্রতীক বরাদ্দের তারিখ | : | ০৭ মাঘ ১৪৩২<br>২১ জানুয়ারি ২০২৬ | বুধবার |
| **ভোটগ্রহণের তারিখ** | : | **২৯ মাঘ ১৪৩২**<br>**১২ ফেব্রুয়ারি ২০২৬** | **বৃহস্পতিবার** |

২। **সময়সূচির প্রজ্ঞাপন:** নির্বাচন কমিশন কর্তৃক ঘোষিত উল্লিখিত সময়সূচির আলোকে ১১ ডিসেম্বর ২০২৫ তারিখে একটি প্রজ্ঞাপন জারি করা হয়েছে। জারিকৃত প্রজ্ঞাপনের অনুলিপি এতদসঙ্গে প্রেরণ করা হলো **(সংলগ্নী-১)।**

৩। **রিটার্নিং অফিসার ও সহকারী রিটার্নিং অফিসার নিয়োগ:** নির্বাচন পরিচালনার জন্য ঢাকা, চট্টগ্রাম ও খুলনা মহানগরীস্থ নির্বাচনি এলাকার জন্য বিভাগীয় কমিশনার, আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ঢাকা/চট্টগ্রাম/খুলনা এবং অন্যান্য নির্বাচনি এলাকার জন্য জেলা প্রশাসকগণকে রিটার্নিং অফিসার নিয়োগ করা হয়েছে। উপজেলা নির্বাহী অফিসারগণকে স্ব-স্ব উপজেলার জন্য এবং কোন কোন ক্ষেত্রে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), অতিরিক্ত জেলা প্রশাসক (এল.এ), সিটি কর্পোরেশনের আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয় ও বিভাগীয় কমিশনারের কার্যালয়, ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার, অতিরিক্ত আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, অতিরিক্ত জেলা নির্বাচন অফিসার, উপজেলা/থানা নির্বাচন অফিসার, সার্কেল অফিসার (উন্নয়ন) তেজগাঁও সার্কেল, সহকারী কমিশনার (ভূমি) কে সহকারী রিটার্নিং অফিসার হিসেবে নিয়োগ করা হয়েছে। রিটার্নিং অফিসার ও সহকারী রিটার্নিং অফিসারগণের অধিক্ষেত্রও নির্ধারণ করে দেয়া হয়েছে। নির্বাচন পরিচালনার ক্ষেত্রে সহকারী রিটার্নিং অফিসারগণ আইন ও বিধি মোতাবেক রিটার্নিং অফিসারকে সকল প্রকার সহায়তা প্রদান করবেন এবং নির্বাচন কমিশনের নির্দেশ সাপেক্ষে, রিটার্নিং অফিসারের অধীনে থেকে প্রয়োজনবোধে রিটার্নিং অফিসারের দায়িত্ব পালন করবেন।

অফিসের ঠিকানাঃ
নির্বাচন ভবন, প্লট নং-ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা-১২০৭

যোগাযোগঃ
ফোন ঃ +৮৮০-০২-৫৫০০৭৬০০ ফ্যাক্স ঃ +৮৮০-০২-৫৫০০৭৫১৫
ই-মেইলঃ secretary@ecs.gov.bd ওয়েব এড্রেসঃ www.ecs.gov.bd

**৪। রিটার্নিং অফিসার, সহকারী রিটার্নিং অফিসার নিয়োগের প্রজ্ঞাপন:** রিটার্নিং অফিসার ও সহকারী রিটার্নিং অফিসার নিয়োগ সংক্রান্ত একটি প্রজ্ঞাপন ১১ ডিসেম্বর ২০২৫ তারিখে জারি করা হয়েছে। জারিকৃত প্রজ্ঞাপনের অনুলিপি এতদসঙ্গে প্রেরণ করা হলো **(সংলগ্নী-২)**।

**৫। সময়সূচি সংক্রান্ত গণবিজ্ঞপ্তি জারি:** গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর অনুচ্ছেদ ১১ এর দফা (১) অনুসারে কমিশন কর্তৃক প্রজ্ঞাপন জারির পর গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর অনুচ্ছেদ ১১ এর দফা (২) ও (৩) অনুসারে রিটার্নিং অফিসার প্রজ্ঞাপনে উল্লেখিত সময়সূচির আলোকে যথাশীঘ্র সম্ভব আসন ভিত্তিক গণবিজ্ঞপ্তি জারি করিবেন। উক্ত গণবিজ্ঞপ্তিতে কমিশন কর্তৃক ঘোষিত সময়সূচির উল্লেখ থাকবে। এতদভিন্ন রিটার্নিং অফিসার/সহকারী রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র দাখিলের তারিখ, সময় ও স্থান উল্লেখ করে একই গণবিজ্ঞপ্তির মাধ্যমে মনোনয়নপত্র আহবান করতে হবে। এখানে উল্লেখ্য যে, মনোনয়নপত্র অফিস চলাকালীন সময় অর্থাৎ সকাল ০৯:০০ ঘটিকা হতে বিকাল ০৫:০০ ঘটিকা পর্যন্ত সরকারি ছুটির দিনসহ বিতরণ ও গ্রহণ করা হবে। আরও উল্লেখ্য যে, নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে রিটার্নিং অফিসার, সহকারী রিটার্নিং অফিসারের নিকট প্রার্থী, প্রস্তাবকরী ও সমর্থনকারী কর্তৃক সরাসরি মনোনয়নপত্র দাখিল করা যাবে। গণবিজ্ঞপ্তিটি সহকারী রিটার্নিং অফিসারসহ সংশ্লিষ্ট নির্বাচনি এলাকার দর্শনীয় স্থানসমূহে টাঙ্গিয়ে জারি করার ব্যবস্থা গ্রহণ করতে হবে। রিটার্নিং অফিসার কর্তৃক গণবিজ্ঞপ্তি জারির একটি নমুনা এতদসংগে প্রেরণ করা হলো **(পরিশিষ্ট-ক)**।

**৬। প্রার্থী হওয়ার যোগ্যতা ও অযোগ্যতার বিধানের উদ্ধৃতাংশ প্রেরণ:** জাতীয় সংসদের সংসদ সদস্য নির্বাচিত হওয়ার বা থাকার যোগ্যতা-অযোগ্যতা বিষয়ে সংবিধানের ৬৬(১)(২) ও গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর ১২(১) অনুচ্ছেদে উল্লেখ রয়েছে। তাছাড়া সংবিধানের ১৫২ অনুচ্ছেদের "প্রজাতন্ত্রের কর্ম" ও "সংবিধিবদ্ধ সরকারি কর্তৃপক্ষ" এর ব্যাখ্যা উল্লেখ করা হয়েছে। উল্লিখিত উদ্ধৃতাংশ এতদসংগে সংযুক্ত করা হলো **(পরিশিষ্ট-খ)।** উল্লেখ্য যে, গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর অনুচ্ছেদ ১২(১) এর উপ-দফা (কক) তিনি আদালত কর্তৃক ফেরারী বা পলাতক আসামী হিসাবে ঘোষিত হইয়া থাকেন, উপ-দফা (গ) তিনি প্রজাতন্ত্রের বা কোনো সংবিধিবদ্ধ সরকারি কর্তৃপক্ষের কর্মে কোনো লাভজনক পদে অধিষ্ঠিত থাকেন, উপ-দফা (ড) অনুযায়ী কোম্পানীর পরিচালক বা ফার্মের অংশীদার হন [যাহা] কোন ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান হতে গৃহীত কোন ঋণ বা তার কোন কিস্তি মনোনয়নপত্র দাখিলের দিনের পূর্বে পরিশোধে ব্যর্থ হলে নির্বাচনে প্রার্থী হতে অযোগ্য হবেন। কিন্তু অনুচ্ছেদ ১২ এর দফা (১) এর উপ-দফা (ঠ) কৃষি কাজের জন্য গৃহীত ক্ষুদ্র কৃষি ঋণ ব্যতীত, মনোনয়নপত্র দাখিলের দিনের পূর্বে ব্যাংক হতে গৃহীত কোন ঋণ বা তার কোন কিস্তি পরিশোধে ব্যর্থ হলে নির্বাচনে প্রার্থী হতে অযোগ্য হবেন। সেই সাথে উপ-দফা (ঢ) অনুযায়ী মনোনয়নপত্র দাখিলের দিনের পূর্বে প্রদেয় সরকারি টেলিফোন, গ্যাস, বিদ্যুৎ, পানি বা অন্য কোন সেবা প্রদানকারী সংস্থার বিল পরিশোধ করতে ব্যর্থ হলে নির্বাচনে প্রার্থী হতে অযোগ্য হবেন। অনুচ্ছেদ ১২(৩খ) উপ-দফা (২) এর অধীন প্রত্যেক মনোনয়নপত্রের সহিত প্রার্থী কর্তৃক স্বাক্ষরিত একটি হলফনামা যাহার সহিত সর্বশেষ করবছরের আয়কর রিটার্নের কপি সংযুক্ত করিয়া দাখিল করিতে হইবে। **এছাড়াও কোন ব্যক্তির বিরুদ্ধে আন্তর্জাতিক অপরাধ (ট্রাইব্যুনালস্) আইন, ১৯৭৩ এর ৯(১) ধারা মতে কোন আনুষ্ঠানিক অভিযোগপত্র (formal charge) দাখিল করা হলে উক্ত ব্যক্তি একই আইনের ২০সি (১)(এ) ধারা মোতাবেক সংসদ সদস্য পদে নির্বাচিত হওয়ার বা সংসদ সদস্য পদে বহাল থাকার অযোগ্য হবেন।** উল্লিখিত বিধানসমূহ স্থানীয়ভাবে ব্যাপক প্রচারের ব্যবস্থা করতে হবে। নির্বাচন কমিশন সচিবালয় হতেও এ বিষয়ে প্রচারের ব্যবস্থা করা হবে।

**৭। লাভজনক পদ বা স্থানীয় সরকার প্রতিষ্ঠানের মেয়র ও চেয়ারম্যানদের প্রার্থী হওয়া:** লাভজনক পদ অর্থাৎ প্রজাতন্ত্র বা সংবিধিবদ্ধ সরকারি কর্তৃপক্ষ বা সরকারের শতকরা ৫০ ভাগের অধিক শেয়ার রহিয়াছে এরূপ কোনো কোম্পানির কোনো অফিসে সার্বক্ষণিক কোনো পদ বা পদমর্যাদায় অধিষ্ঠিত থাকা ব্যক্তি নির্বাচনে প্রার্থী হতে অযোগ্য হবেন। এছাড়া উপজেলা পরিষদ, জেলা পরিষদ ও ইউনিয়ন পরিষদ এর চেয়ারম্যান এবং সিটি কর্পোরেশন ও পৌরসভার মেয়রের পাশাপাশি বিভিন্ন সরকারি/স্বায়ত্বশাসিত/ আধা-স্বায়ত্বশাসিত ও সরকারি অনুদানপ্রাপ্ত অফিস/প্রতিষ্ঠানের বা কর্পোরেশন অথবা সংবিধিবদ্ধ সংস্থা, কর্তৃপক্ষ এবং বিদেশে অবস্থিত বাংলাদেশের মিশনসমূহে চুক্তিভিত্তিক নিয়োগপ্রাপ্ত ব্যক্তিবর্গ জাতীয় সংসদ নির্বাচনে প্রার্থী হওয়ার জন্য পদ্ধতিগতভাবে পদত্যাগ করতে হবে।

**৮। একাধিক আসনে প্রার্থিতা:** গণপ্রতিনিধিত্ব আদশ, ১৯৭২ এর ১৩ক অনুচ্ছেদ অনুসারে কোন ব্যক্তি একই সময়ে ০৩ (তিন)টির অধিক নির্বাচনি এলাকায় প্রার্থী হতে পারবেন না। যদি কোন ব্যক্তি একই সময়ে ০৩ (তিন) টির অধিক নির্বাচনি এলাকায় প্রার্থী হন তা হলে সকল নির্বাচনি এলাকার জন্য তাঁর সকল মনোনয়নপত্র বাতিল হবে।

**৯। নির্বাচনি ব্যয় নির্বাহের জন্য ব্যাংক একাউন্ট খোলা:** গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর অনুচ্ছেদ ৪৪খখ অনুসারে প্রত্যেক নির্বাচনি এজেন্টকে অথবা এজেন্ট নিয়োগ করা না হলে প্রার্থী কর্তৃক নিজে নির্বাচনি ব্যয় নির্বাহের জন্য (ব্যক্তিগত ব্যয় ব্যতীত) তফসিলি ব্যাংকে পৃথক একাউন্ট প্রয়োজন হবে। উক্তরূপ ব্যাংক একাউন্ট হতে ব্যক্তিগত ব্যয় ব্যতীত নির্বাচন সংক্রান্ত ব্যয়ের সমূদয় অর্থ পরিশোধ করতে হবে। নির্বাচন পরিচালনা বিধিমালা, ২০২৫ এর বিধি ২৯ অনুসারে নির্বাচনি ব্যয় নির্বাহের জন্য তহবিলের সম্ভাব্য উৎসের বিবরণী ফরম-২০ এ এবং প্রার্থীর সম্পদ, দায়-দেনা ও তার বাৎসরিক আয়-ব্যয় বিবরণী ফরম-২১ মনোনয়নপত্রের সাথে দাখিল করার বিধান রয়েছে।

**১০। প্যানেলভুক্ত ভোটগ্রহণকারী কর্মকর্তা-কর্মচারীদেরকে পোস্টাল ব্যালটে (ICPV) ভোটপ্রদানের জন্য নিবন্ধন কার্যক্রমের বিষয়ে অবহিতকরণঃ** ভোটগ্রহণকারী কর্মকর্তাগণ পোস্টাল ব্যালটের (আইটি সাপোর্টেড) মাধ্যমে ভোট প্রদান করতে পারবেন। নির্বাচনের তফসিল ঘোষণার দিন হতে ১৫ (পনের) দিন পর্যন্ত ভোটগ্রহণকারী কর্মকর্তাগণ Postal Vote BD অ্যাপের মাধ্যমে ভোট প্রদানের নিমিত্ত নিবন্ধন সম্পন্ন করতে পারবেন। সেলক্ষ্যে রিটার্নিং অফিসারগণকে নির্বাচনের তফসিল ঘোষণার পর দ্রুততম সময়ে ভোটগ্রহণকারী কর্মকর্তাদের প্যানেল চূড়ান্ত করে তাদের অবহিত করতে হবে যাতে তাঁরা পোস্টাল ব্যালটে ভোট প্রদানের জন্য নির্ধারিত সময়ের মধ্যে নিবন্ধন কার্যক্রম সম্পন্ন করতে পারেন।

উল্লেখ্য, প্যানেলে অন্তর্ভুক্তি ক্ষেত্রে সরকারি. আধা-সরকারি, স্বায়ত্বশাসিত, আধা-স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান, রাষ্ট্রাত্ব ব্যাংক, বীমা, কর্পোরেশন এবং বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত শিক্ষক, কর্মকর্তা-কর্মচারীদেরকে অগ্রাধিকার প্রদান করতে হবে। প্রয়োজনীয় সংখ্যক ভোটগ্রহণকারী কর্মকর্তা-কর্মচারী পাওয়া না গেলে বেসরকারি ব্যাংকে কর্মরত কর্মকর্তা-কর্মচারীগণকে ভোটগ্রহণকারী কর্মকর্তা হিসাবে নিয়োগ দেয়া যেতে পারে।

**১১। ছবিসহ ও ছবিছাড়া ভোটার তালিকার ব্যবহার:** জাতীয় সংসদ নির্বাচনের জন্য বর্তমানে প্রণীত ছবিসহ ভোটার তালিকা ব্যবহার করতে হবে। শুধুমাত্র নির্বাচনের দায়িত্বে নিয়োজিত কর্মকর্তা এবং ভোটকেন্দ্রে নিয়োজিত ভোটগ্রহণ কর্মকর্তাগণ ছবিসহ ভোটার তালিকা ব্যবহার করবেন। তবে প্রার্থী বা তার নির্বাচনি এজেন্ট বা পোলিং এজেন্টকে ছবিছাড়া ভোটার তালিকার সিডি ক্রয় করতে হবে এবং মুদ্রণ পূর্বক ব্যবহার করবেন। এ জন্য জেলা বা উপজেলা পর্যায় হতে অথবা রিটার্নিং অফিসার বা সহকারী রিটার্নিং অফিসারের অফিস হতে মনোনয়নপত্র গ্রহণের সময় নির্বাচনি এলাকার আওতাধীন প্রতি ইউনিয়ন ও ক্যান্টনমেন্ট বোর্ড (যদি থাকে) এর জন্য ৫০০/- (পাঁচশত) টাকা হারে এবং সিটি কর্পোরেশন ও পৌরসভার প্রতি ওয়ার্ডের জন্য ৫০০/- (পাঁচশত) টাকা হারে ট্রেজারি চালান/পে-অর্ডার মাধ্যমে টাকা জমা দিতে হবে। ট্রেজারি চালানের কোড নম্বর **"১০৬০১০১১০০১২৫-১৪২৩২৫৩"।**

**১২। মুদ্রিত ছবিসহ ভোটার তালিকার সাথে ছবিছাড়া সিডি যাচাই:** প্রার্থীদেরকে সরবরাহকৃত ছবিছাড়া ভোটার তালিকার সিডির সাথে ছবিসহ ভোটার তালিকা শতভাগ যাচাই পূর্বক মুদ্রণ করে ভোটকেন্দ্রে প্রেরণ করতে হবে।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক

১০.১২.২৫

(মোহাম্মদ মনির হোসেন)
উপসচিব
নির্বাচন পরিচালনা-২ অধিশাখা
ফোন: ৫৫০০৭৫২৫ (অফিস)
E-mail: sasemc১@gmail.com

**বিতরণঃ**
১। বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম ও রিটার্নিং অফিসার
২। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ঢাকা/চট্টগ্রাম/খুলনা ও রিটার্নিং অফিসার
৩। জেলা প্রশাসক, (সকল) ও রিটার্নিং অফিসার

নম্বর-১৭.০০.০০০০.০৩৪.৩৬.০০৯.২৫-৩৭০

তারিখ: ২৬ অগ্রহায়ণ ১৪৩২ / ১১ ডিসেম্বর ২০২৫

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. প্রধান উপদেষ্টার মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, ঢাকা
৩. সিনিয়র সচিব, ................................................................... মন্ত্রণালয়/বিভাগ (সকল)
৪. প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্রবাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা
৫. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
৬. সচিব, আপন বিভাগ/জনবিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা
৭. সচিব, ................................................................... মন্ত্রণালয়/বিভাগ (সকল)
৮. মহাপরিচালক, বিজিবি/আনসার ও ভিডিপি/র‍্যাব/কোস্টগার্ড/এনটিএমসি/ডিজিএফআই/এনএসআই, ঢাকা
৯. অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা

১০. মহাপরিচালক, ডাক অধিদপ্তর, ঢাকা।
১১. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১২. বিভাগীয় কমিশনার (সকল)
১৩. পুলিশ কমিশনার, মেট্রোপলিটন পুলিশ (সকল)
১৪. উপমহাপুলিশ পরিদর্শক, (সকল রেঞ্জ)
১৫. প্রকল্প পরিচালক, আইডিইএ (২য় পর্যায়) প্রকল্প, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৬. যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৭. কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর, ঢাকা
১৮. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১৯. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, (সকল)
২০. মহাব্যবস্থাপক, ক্রেডিট ইনফরমেশন ব্যুরো (সিআইবি), বাংলাদেশ ব্যাংক, ঢাকা
২১. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ]
২২. পুলিশ সুপার, (সকল)
২৩. উপসচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সকল)
২৪. সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসার, (সকল)
২৫. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [উক্ত বিষয়ে একটি সংবাদ বিজ্ঞপ্তি জারি করার অনুরোধসহ]
২৬. আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, ..........................(সংশ্লিষ্ট) ও সহকারী রিটার্নিং অফিসার
২৭. ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার, ..........................(সংশ্লিষ্ট) ও সহকারী রিটার্নিং অফিসার
২৮. ..................................................... সহকারী রিটার্নিং অফিসার (সংশ্লিষ্ট)
২৯. জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, (সকল)
৩০. জেলা তথ্য অফিসার, (সকল)
৩১. উপজেলা নির্বাহী অফিসার, (সকল) ও সহকারী রিটার্নিং অফিসার
৩২. মাননীয় প্রধান নির্বাচন কমিশনার-এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
৩৩. মাননীয় নির্বাচন কমিশনার জনাব ................................................ এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
৩৪. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৩৫. সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব ......................... (সংশ্লিষ্ট), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৩৬. উপজেলা/থানা নির্বাচন অফিসার,......................... (সংশ্লিষ্ট) ও সহকারী রিটার্নিং অফিসার
৩৭. উপজেলা/থানা নির্বাচন অফিসার (সকল)
৩৮. অফিসার ইন-চার্জ, (সকল)।

২০/১১/২০২৫

(মোঃ শহিদুল ইসলাম)
সিনিয়র সহকারী সচিব
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়-১ শাখা
ফোন: ০২-৫৫০০৭৬১০
E-mail: sasemc1@gmail.com

**পরিশিষ্ট-ক**
**(নমুনা)**

# গণ-বিজ্ঞপ্তি

গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২-এর অনুচ্ছেদ ১১ এর দফা (২) অনুসারে আমি ............................................
(নাম)
...................................................... ও রিটার্নিং অফিসার এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানাচ্ছি যে,
(পদবি)
জাতীয় সংসদ নির্বাচনের উদ্দেশ্যে নির্বাচন কমিশন **..... ডিসেম্বর ২০২৫ /** ......**অগ্রহায়ণ ১৪৩২** তারিখে প্রজ্ঞাপনের মাধ্যমে প্রত্যেক নির্বাচনি এলাকার ভোটারগণকে স্ব-স্ব নির্বাচনি এলাকা হতে একজন জাতীয় সংসদ সদস্য নির্বাচিত করার জন্য নিম্নলিখিত সময়সূচি ঘোষণা করেছেন:

| | | | |
|---|---|---|---|
| রিটার্নিং অফিসার/সহকারী রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ | : | ১৪ পৌষ ১৪৩২<br>২৯ ডিসেম্বর ২০২৫ | সোমবার |
| রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ | : | ১৫-২০ পৌষ ১৪৩২<br>৩০ ডিসেম্বর ২০২৫ - ০৪ জানুয়ারি ২০২৬ | মঙ্গলবার-রবিবার |
| **মনোনয়নপত্র বাছাইয়ে রিটার্নিং অফিসারের সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল দায়েরের তারিখ** | : | **২১-২৫ পৌষ ১৪৩২**<br>**০৫-০৯ জানুয়ারি ২০২৬** | **সোমবার-শুক্রবার** |
| **আপিল নিস্পত্তির তারিখ** | : | **২৬ পৌষ-০৪ মাঘ ১৪৩২**<br>**১০-১৮ জানুয়ারি ২০২৬** | **শনিবার-রবিবার** |
| প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ | : | ০৬ মাঘ ১৪৩২<br>২০ জানুয়ারি ২০২৬ | মঙ্গলবার |
| প্রতীক বরাদ্দের তারিখ | : | ০৭ মাঘ ১৪৩২<br>২১ জানুয়ারি ২০২৬ | বুধবার |
| **ভোটগ্রহণের তারিখ** | : | **২৯ মাঘ ১৪৩২**<br>**১২ ফেব্রুয়ারি ২০২৬** | **বৃহস্পতিবার** |

**আগামী ২৯ মাঘ ১৪৩২/১২ ফেব্রুয়ারি ২০২৬ তারিখ, বৃহস্পতিবার, সকাল ৭:৩০ ঘটিকা হইতে বিকাল ৪:৩০ ঘটিকা পর্যন্ত বিরতিহীনভাবে ব্যালট পেপারের মাধ্যমে স্বচ্ছ ব্যালট বাক্সে ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে।**

২। পূর্বোল্লিখিত আদেশের অনুচ্ছেদ ১১ এর দফা (৩) অনুসারে ..................................................
(নির্বাচনি এলাকার নম্বর ও নাম)
নির্বাচনি এলাকার সকল বাসিন্দাদের জ্ঞাতার্থে আমি আরও জানাচ্ছি যে, আগামি **..... ডিসেম্বর ২০২৫ /** ......**পৌষ ১৪৩২** তারিখ অথবা উক্ত দিনের পূর্ববর্তী কোন দিনে সকাল ০৯টা হতে বিকাল ০৫টা পর্যন্ত উল্লিখিত নির্বাচনি এলাকা হতে সংসদ নির্বাচনে অংশগ্রহণ করার জন্য ইচ্ছুক প্রার্থীদের নিকট হতে আমার কার্যালয়ে.............................................. এবং
(কার্যালয়ের নাম ও ঠিকানা)
আমার সহকারী রিটার্নিং অফিসারের কার্যালয়ে ................................................. মনোনয়নপত্র গৃহীত হবে।

তারিখ: [ ][ ] দিন [ ][ ] মাস [ ][ ][ ][ ] বৎসর

রিটার্নিং অফিসারের স্বাক্ষর, নাম ও পদবি
নির্বাচনি এলাকার নম্বর ও নাম